এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ব্যবসায় উদ্যোগ

বিষয় কোড: | ১ | ৪ | ৩ |

সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

[দ্রষ্টব্য: মোট ১১টি প্রশ্ন থেকে ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১০। দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

১.▶ বাদল মিঞা মনিরামপুরের প্রত্যন্ত অঞ্চলের বাসিন্দা। তিনি কয়েকটি পুকুরে মৎস্য চাষ করেন। কিন্তু উৎপাদিত মৎস্য বিভিন্ন বাজারে পৌঁছানো ব্যয় সাপেক্ষ হওয়ায় তিনি ব্যবসায়ে সফলতা অর্জন করতে পারছেন না।

ক. ব্যবসায়ের ক্রমবিকাশের ধারাকে কয়টি পর্যায়ে বিভক্ত করা যায়? ১

খ. ব্যবসায় প্রত্যক্ষ সেবা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত কাজটি কোন শিল্পের অন্তর্গত? বর্ণনা করো। ৩

ঘ. উপর্যুক্ত মৎস্য বিপণনে বাদল মিয়া যে প্রতিবন্ধকতার সম্মুখীন হন তা দূরীকরণে তোমার মতামত দাও। ৪

২.▶ মেহেদী হাসান পাঁচ বছর ধরে একটি বায়িং হাউসে কর্মকর্তা পদে চাকরি করেন। একসময় তিনি উপলব্ধি করেন তার পক্ষেও একটি বায়িং হাউস পরিচালনা করা সম্ভব। একসময় তিনি তা প্রতিষ্ঠা করে সফলতার সাথে ব্যবসায় পরিচালনা করেন।

ক. উদ্যোক্তা কোন ধরনের কাজ করতে বিশেষ আনন্দ পান? ১

খ. ব্যবসায় উদ্যোক্তা বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উপর্যুক্ত মেহেদী হাসানের মধ্যে ব্যবসায় উদ্যোক্তার কোন কোন গুণাবলি পরিলক্ষিত হয়? বর্ণনা করো। ৩

ঘ. বাংলাদেশের প্রেক্ষাপটে মেহেদী হাসানের মতো ব্যক্তির গুরুত্ব মূল্যায়ন করো। ৪

৩.▶ নারায়ণগঞ্জের শাহেদ লেখাপড়া শেষ করে নিজে কিছু করার চিন্তা থেকে বিভিন্ন রকমের চিপস তৈরির প্রশিক্ষণ নিয়ে এলাকায় একটি কারখানা গড়ে তোলেন। এতে নিজে স্বাবলম্বী হওয়ার পাশাপাশি এলাকার বেশ কিছু লোকের কর্মসংস্থানেরও ব্যবস্থা হয়।

ক. কর্মসংস্থানের প্রধান উৎস কোনটি? ১

খ. নট্রামস বলতে কী বোঝায়? ২

গ. শাহেদের উপর্যুক্ত কর্মকাণ্ড কোন ধরনের কাজের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. শাহেদের গৃহীত পেশাটির গুরুত্ব মূল্যায়ন করো। ৪

৪.▶ সাঈদ হোসেনের বাড়ি থেকে শহর বেশ দূরে। লেখাপাড়া শেষ করার পর পারিপার্শ্বিক চাহিদা উপলব্ধি করে বেশ কিছু জমানো টাকা এবং আত্মীয়স্বজনের কাছ থেকে কিছু ধার নিয়ে স্থানীয় বাজারে একটি প্রসাধনী সামগ্রীর দোকান খোলেন। ব্যাপক চাহিদা থাকায় তার ব্যবসায় সফলতা লাভ করে।

https://jobsresultbd.com

ক. বাংলাদেশ অভ্যন্তরীণ জল পরিবহন সংস্থা নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ের নাম কী? ১

খ. প্রত্যক্ষ সেবাধর্মী ব্যবসায় বলতে কী বোঝায়? ২

গ. মালিকানার ভিত্তিতে সাঈদ হোসেনের ব্যবসায়ের ধরন বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যবসায় প্রতিষ্ঠানটি স্থাপনের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৫.▶ নাহিদ ও জাহিদ দুই বন্ধু পারস্পরিক সমঝোতার ভিত্তিতে একটি প্রিন্টিং প্রেস চালু করে। মনোযোগ দিয়ে কাজ করায় তারা দ্রুত সফলতা পায় এবং ব্যবসায় সম্প্রসারণ করে। কিছুদিন পর নাহিদের মস্তিস্ক বিকৃতি দেখা দেয়।

ক. কোন নীতির ভিত্তিতে সমবায় ব্যবসায়ের উৎপত্তি হয়েছে? ১

খ. ঘুমন্ত অংশীদার বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উপর্যুক্ত প্রতিষ্ঠানটি কোন ধরনের ব্যবসায়? বর্ণনা করো। ৩

ঘ. উপর্যুক্ত প্রেক্ষাপটে ব্যবসায় কার্যক্রম কি চালিয়ে যাওয়া সম্ভব? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬.▶ জনাব আলম দীর্ঘদিন গবেষণা করে একটি সৌরশক্তিচালিত পানি সেচের যন্ত্র আবিষ্কার করেন যেটি সম্পূর্ণ নতুন ধরনের। তিনি এটি বাণিজ্যিক ভিত্তিতে উৎপাদন করে বাজারজাত করেন। কিছুদিনের মধ্যে অন্য একটি প্রতিষ্ঠিত কোম্পানি এ যন্ত্রটি নকল করে বাজারজাত করে। তিনি ঐ কোম্পানির বিরুদ্ধে মামলা করেও কোনো আইনগত ব্যবস্থা নিতে পারেননি।

ক. বিএসটিআই এর পূর্ণরূপ কী? ১

খ. ফ্রানসাইজিং বলতে কী বোঝায়? ২

গ. উপর্যুক্ত যন্ত্রটি কোন সম্পদের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব আলমের আইনি সহায়তা না পাওয়ার কারণ বিশ্লেষণ করো। ৪

৭.▶ নাহিদ এন্টারপ্রাইজের বছর শেষের আয়-ব্যয়ের তথ্য ছকে উপস্থাপন করা হলো—

ব্যয়	টাকা	আয়	টাকা
দোকান ভাড়া (অগ্রিম)	৮০,০০০	পণ্য বিক্রয়	২,০০,০০০
আসবাবপত্র ও সাজসজ্জা	৫০,০০০		
অন্যান্য	২০,০০০		
পণ্য ক্রয়	১,০০,০০০		
কর্মচারীর বেতন	১০,০০০		
বিদ্যুৎ বিল	৩,০০০		
দোকান ভাড়া	১০,০০০		

ক. ব্যবসায়ের ভবিষ্যৎ কার্যক্রমের প্রতিচ্ছবি কোনটি? ১

খ. সম-আয়-ব্যয় বিশ্লেষণ বলতে কী বোঝায়? ২

গ. নাহিদ এন্টারপ্রাইজের প্রাক্কলিত লাভ বের করো। ৩

ঘ. উপর্যুক্ত ব্যবসায়ের অবস্থা কী বর্তমানে সন্তোষজনক? মতামত দাও। ৪

jobsresultbd.com

৮.▶ শরিফা বেগম পরিবারের সদস্যদের নিয়ে আর্থিক সচ্ছলতার উদ্দেশ্যে কাগজ দিয়ে বিভিন্ন ধরনের কার্টুন, প্যাকেট ইত্যাদি তৈরি করে স্থানীয় বাজারে সরবরাহ করেন। তার উৎপাদিত সামগ্রী মানসম্মত হওয়ায় দিনে দিনে চাহিদা বাড়তে থাকে।

ক. পরিবহন ও যোগাযোগ কোন শিল্পের অন্তর্গত? ১

খ. মাঝারি শিল্প বলতে কী বোঝায়? ২

গ. উপর্যুক্ত উৎপাদিত শিল্প কোন ধরনের শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩

ঘ. দেশের অর্থনৈতিক উন্নয়নে উপর্যুক্ত শিল্পের ভূমিকা মূল্যায়ন করো। ৪

৯.▶ আমজাদ সাহেব সারথী এন্টারপ্রাইজের মালিক। তিনি তার ব্যবসায় পরিচালনায় সম্পূর্ণ নিজের ক্ষমতা ও সামর্থ্যের ওপর নির্ভর করেন। কারো মতামত বা পরামর্শ গ্রহণ করেন না। কর্মীদের প্রতিও তার নেতিবাচক মনোভাব লক্ষণীয়। ধীরে ধীরে তার ব্যবসায় ব্যর্থতার দিকে মোড় নেয়।

ক. কোনটির ফলে প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জন সহজতর হয়? ১

খ. সমন্বয় সাধন বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. আমজাদ সাহেব কোন ধরনের নেতা? বর্ণনা করো। ৩

ঘ. আমজাদ সাহেবের ব্যবসায়ের ব্যর্থতার কারণ মূল্যায়ন করো। ৪

১০.▶ বাদল সাহেব তার সুপরিচিত স্বনামধন্য ক্রীড়া সামগ্রী ব্যবসায়ী। তিনি তার দোকানের ওপর তলায় তৈরি পোশাকের নতুন একটি দোকান নিলেন। অত্যন্ত আকর্ষণীয় পোশাক, অপেক্ষাকৃত কম মূল্য নির্ধারণ, সর্বোচ্চ ভোক্তা সেবা প্রদান সত্ত্বেও তিনি পোশাক ব্যবসায়ে সফলতা লাভ করতে পারছেন না।

ক. বিক্রয়িকতা কী? ১

খ. মোড়ককিকরণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. বাদল সাহেবের পোশাক ব্যবসায়ে ব্যর্থতার কারণ বর্ণনা করো। ৩

ঘ. তোমার মতে বিক্রয় বৃদ্ধির জন্য বাদল সাহেবের কী করা উচিত? বিশ্লেষণ করো। ৪

১১.▶ কল্পনা চাকমা বাঁশ ও বেত দিয়ে বিভিন্ন ধরনের গৃহস্থালি সামগ্রী তৈরির একটি প্রকল্প হাতে নেন। উৎপাদন প্রক্রিয়া শুরুর সময় তিনি একটি প্রতিষ্ঠান থেকে বড় অংকের ঋণ গ্রহণ করেন যা ৩ থেকে ৭ বছরের মধ্যে পরিশোধযোগ্য।

ক. ২০১০ সালের হিসাব মতে পৃথিবীর সর্ববৃহৎ এনজিও কোনটি? ১

খ. BITAC কী? ব্যাখ্যা করো। ২

গ. কল্পনা চাকমা কোন ধরনের প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করেছেন। বর্ণনা করো। ৩

ঘ. উপর্যুক্ত প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করতে কল্পনা চাকমাকে কী ধরনের শর্ত পূরণ করতে হয়েছে বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

https://jobsresultbd.com

বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বিষয় কোড : | ১ | ৪ | ৩ |

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. বাংলাদেশের শিল্প-বাণিজ্যের ইতিহাসে আবিস্মরণীয় কে?
ক) জহুরুল ইসলাম
খ) স্যামসন এইচ চৌধুরী
গ) আবুল কালাম আজাদ
ঘ) লুৎফা সানজিদা

২. স্যামসন এইচ চৌধুরী কোথা থেকে কেমব্রীজ ডিগ্রি অর্জন করেন?
ক) অস্ট্রেলিয়া খ) কলকাতা
গ) লন্ডন ঘ) সিঙ্গাপুর

৩. অনিয়ন্ত্রিত শিল্পায়নের ফলাফল হচ্ছে—
i. মানুষের স্বাস্থ্যহানি
ii. শিল্পোদ্যোক্তা হ্রাস
iii. জীববৈচিত্রের ধ্বংস
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪. করিম একজন ব্যবসায়ী। সেসব সময় মান সম্মত পণ্য সরবরাহ করে। এটি করিমের কোন ধরনের বৈশিষ্ট্য?
ক) দেশপ্রেম খ) আদর্শ
গ) নৈতিকতা ঘ) মূল্যবোধ

৫. বাংলাদেশের প্রধান বাণিজ্যিক ব্যাংক কোনটি?
ক) সোনালী খ) জনতা
গ) অগ্রণী ঘ) রূপালী

৬. নিজেদের মধ্যে কী সুদৃঢ় হওয়ার কারণে কাজের গতি বৃদ্ধি পায়?
ক) পারিবারিক সম্পর্ক
খ) সামাজিক সম্পর্ক
গ) আন্তঃসম্পর্ক
ঘ) বহিঃসম্পর্ক

৭. বিএসটিআই কোন মন্ত্রণালয়ের অধীনে কার্যরত?
ক) মৎস্য খ) বস্ত্র
গ) শিল্প ঘ) খাদ্য

৮. বিএসটিআই —
i. পণ্যের মান নিয়ন্ত্রণ করে
ii. ট্রেডমার্ক নিবন্ধন করে
iii. বিমা করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৯. শিল্প বিপ্লব ঘটে কোন শতাব্দীতে?
ক) সপ্তদশ খ) অষ্টাদশ
গ) ঊনবিংশ ঘ) বিংশ

১০. গুদামজাতকরণ কী ধরনের বাধা দূর করে?
ক) স্থানগত খ) ঝুঁকিগত
গ) সময়গত ঘ) তথ্যগত

১১. অর্থনৈতিক কর্মকাণ্ডের উদাহরণ হলো —
i. হাঁস-মুরগী বিক্রয়
ii. ঔষুধ বিক্রয়
iii. বিউটি পার্লার পরিচালনা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১২. অভীষ্টলক্ষে পৌছানোর জন্য উদ্যোক্তা কী করেন?
ক) পরিকল্পনা খ) সুযোগের সদ্ব্যবহার
গ) প্রশিক্ষণ গ্রহণ ঘ) শিক্ষা গ্রহণ

উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব তারেক বি. কম পাশের পর তার বাবা থেকে ৫ লক্ষ টাকা নিয়ে বেকারি ব্যবসায় শুরু করেন। বর্তমানে তিনি সম্ভাব্য ঝুঁকি এড়িয়ে তৃপ্তি ফুড প্রোডাক্টস লি. নামক বিখ্যাত প্রতিষ্ঠানের সফল উদ্যোক্তা, যেখানে ৮০ জন শ্রমিক কাজ করে।

১৩. জনাব তারেকের কাজটি হলো—
ক) চাকরি খ) আত্মকর্মসংস্থান
গ) ব্যবসায় উদ্যোগ ঘ) উদ্যোগ

jobsresultbd.com
https://jobsresultbd.com

১৪. জনাব তারেকের সফলতার ক্ষেত্রে কোন গুণটি প্রভাবিত করেছে?
ক) উদ্ভাবনী শক্তি খ) অধ্যবসায়
গ) সংবেদনশীল ঘ) ঝুঁকি গ্রহণ ক্ষমতা

১৫. বাংলাদেশে মোট জনসংখ্যার কত ভাগ গ্রামে বাস করে?
ক) ৫০ ভাগ খ) ৬০ ভাগ
গ) ৭০ ভাগ ঘ) ৮০ ভাগ

১৬. যুব প্রশিক্ষণ কেন্দ্র কোথায় রয়েছে?
ক) বিভাগীয় শহরে খ) প্রতিটি জেলায়
গ) প্রতিটি থানায় ঘ) প্রতিটি ইউনিয়নে

১৭. প্রশিক্ষণ কর্মীদের মধ্যে সৃষ্টি করে—
i. সহযোগিতা ii. সমন্বয়
iii. চাকরির নিরাপত্তা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৮. সানজিদার বাড়ি কোথায়?
ক) ঢাকায় খ) নারায়ণগঞ্জে
গ) নোয়াখালি ঘ) চট্টগ্রামে

১৯. সমবায় গঠন করতে সর্বাধিক সদস্য সংখ্যা কত হবে?
ক) ২০ জন খ) ৩০ জন
গ) ৪০ জন ঘ) সর্বাধিকের সীমা নেই

২০. অংশীদারী ব্যবসায় পরিচালিত হতে পারে—
i. সকলের দ্বারা
ii. সকলের পক্ষে একজনের দ্বারা
iii. সরকার দ্বারা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২১. শিল্প বিপ্লব সংঘটিত হয় কোথায়?
ক) এশিয়ায় খ) আফ্রিকায়
গ) আমেরিকায় ঘ) ইউরোপে

২২. ট্রেডমার্কের রেজিস্ট্রেশন দেওয়া হয় কত বছরের জন্য?
ক) ৩ বছর খ) ৫ বছর
গ) ৭ বছর ঘ) ১০ বছর

২৩. ফ্রানসাইজিং ব্যবসায়ে কোন কোন পক্ষ জড়িত থাকে?
i. ফ্রানসাইজর
ii. ফ্রানসাইজি
iii. ফ্রানসাইজিং
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. বিমা গ্রহীতা বিমাকারীকে কী প্রদান করে?
ক) বিমা খ) প্রিমিয়াম
গ) সুদ ঘ) মুনাফা

২৫. পেটেন্ট কী ধরনের সম্পদ?
ক) বনজ সম্পদ খ) খনিজ সম্পদ
গ) মেধা সম্পদ ঘ) মানব সম্পদ

২৬. ভবিষ্যৎ কর্মকাণ্ডের নীল নকশাকে কী বলে?
ক) ব্যবস্থাপনা
খ) পরিকল্পনা
গ) উদ্যোগ ব্যবসায়
ঘ) ব্যবসায়

২৭. ব্যবসায় পরিকল্পনা ব্যবসায়ের যে দিক তুলে ধরে—
i. বর্তমান অবস্থা ii. অতীত অবস্থা
iii. ভবিষ্যৎরূপ রেখা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৮. মাইক্রোস্ক্রিনিং এর উপাদান কোনটি?
ক) পণ্যের চাহিদা খ) কারিগরি দিক
গ) জনসংখ্যা বিষয়ক
ঘ) জীবন নির্বাহের খরচ

২৯. ক্ষুদ্র ও কুটির শিল্প কিসের ওপর গুরুত্ব দিয়ে গড়ে ওঠে?
ক) স্থানীয় জনগণ
খ) স্থানীয় চাহিদা
গ) স্থানীয় বাজার
ঘ) যোগাযোগ

৩০. উৎপাদনের উপকরণ হলো—
i. ভূমি ii. শ্রম
iii. পুঁজি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর

১	খ	২	ঘ	৩	খ	৪	গ	৫	ক	৬	গ	৭	গ	৮	ক	৯	গ	১০	গ	১১	ঘ	১২	ক	১৩	গ	১৪	খ	১৫	ঘ
১৬	গ	১৭	ক	১৮	গ	১৯	ক	২০	ক	২১	ঘ	২২	গ	২৩	ক	২৪	খ	২৫	গ	২৬	খ	২৭	খ	২৮	খ	২৯	খ	৩০	ঘ

Jobsresultbd.com